

**১১ মার্চের দাখিল  
পরীক্ষা হবে  
৩ এপ্রিল**

■ সমকাল প্রতিবেদক  
হরতালের কারণে স্থগিত হওয়া  
মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত ১১  
মার্চের দাখিল পরীক্ষা আগামী ৩  
এপ্রিল শুক্রবার সকাল ৯টা থেকে  
দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।  
গতকাল শনিবার শিক্ষা  
মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে  
নতুন সময়সূচি ঘোষণা করা  
হয়েছে। ১১ মার্চ দাখিলে উচ্চতর  
গণিতের (ভিত্তীয়) পরীক্ষা অনুষ্ঠিত  
হওয়ার কথা ছিল।  
গত জানুয়ারির শুরু থেকে  
অবরোধের পাশাপাশি হরতাল  
কর্মসূচি পালন করছে বিএনপি  
নেতৃত্বাধীন ২০ দলীয় জোট। এ জন্য  
নির্ধারিত সময়সূচি অনুযায়ী  
এসএসসি ও সমমানের কোনো  
পরীক্ষাই নেওয়া যায়নি।